# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,দিনাজপুর


কার্যালয় ঃ শিক্ষা বোর্ড ভবন, সদর, দিনাজপুর
Web: www.dinajpureducationboard.gov.bd.
email: dinajpureducationboard@gmail.com


স্মারক নং- মাউশিবোদি/বিনি/ জেএসসি/২০২৩/১৩৮(৪১০০) তারিখ ঃ ১০/০৯/২০২৩ খ্রিঃ।

## জরুরী বিজ্ঞপ্তি

**বিষয়ঃ- ২০২৩ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অন-লাইন (eSIF) পূরণের মাধ্যমে রেজিস্ট্রেশন করণ প্রসঙ্গে।**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,দিনাজপুর-এর আওতাধীন নিম্ন-মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি /স্বীকৃতি প্রাপ্ত **সংশ্লিষ্ট** সরকারি প্রাথমিক/নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানগণকে অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত সম্ভাব্য শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান নিম্নে উল্লিখিত সময় অনুযায়ী শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখায় জমা দিবেন। অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের নিবন্ধন সরাসরি e-sif পদ্ধতিতে অনলাইনে সম্পন্ন করতে হবে। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পার্শ্ববর্তী বা নিকটতম অনুমোদিত **সংশ্লিষ্ট** সরকারি প্রাথমিক/নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে। **কোন অবস্থাতেই পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না;**

### সম্ভাব্য শিক্ষার্থীদের তালিকা প্রস্তুতকরণ ও সংরক্ষণ ঃ

**ক)** ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের তথ্যের মূল ভিত্তি হলো পিইসি পরীক্ষা। অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত যেভাবে শিক্ষার্থীর নিজ নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ইত্যাদি তথ্য এন্ট্রি করা হবে, পরবর্তীতে এসএসসি/এইচএসসি অথবা উচ্চ শিক্ষার সকল স্তরে এই তথ্যই অপরিবর্তিত থাকবে। সুতরাং অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত নিবন্ধনে পিইসি-এর তথ্য অনুযায়ী সকল শিক্ষার্থীর তথ্য-উপাত্ত সঠিক ও নির্ভুলভাবে এন্ট্রি করতে হবে।

**খ)** সাধারণত বিদ্যালয়ে ভর্তি রেজিস্টারসহ অন্যান্য সকল ক্ষেত্রে শিক্ষার্থীদের বাংলা নাম ব্যবহার করা হলেও অন-লাইন রেজিস্ট্রেশনে যেহেতু সকল তথ্য ইংরেজিতে পূরণ বাধ্যতামূলক, সেহেতু অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা তৈরি করার সময় অবশ্যই ছাত্র/ছাত্রীদের পিতা-মাতা অথবা অভিভাবক (যদি থাকে) তাঁদের নিকট থেকে নামের সঠিক ইংরেজি বানান নিশ্চিত করে নির্ভুল তালিকা প্রস্তুত করতে হবে **(প্রয়োজনে জাতীয় পরিচয় পত্র সংগ্রহ ও সংরক্ষন করুন)**। কেননা,একই পিতা-মাতার অন্যান্য সন্তানদের সনদে ব্যবহৃত ইংরেজি নামের সঙ্গে প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীর সনদের নামের ভিন্নতা থাকলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানকে একক ভাবে বহন করতে হবে। সুতরাং ভবিষ্যতে এ ধরনের জটিলতা এড়ানোর লক্ষ্যে অভিভাবকদের সহায়তায় শিক্ষার্থীদের একটি নির্ভুল সম্ভাব্য তালিকা প্রস্তুত করে অন-লাইনে নিবন্ধন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকল প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হলো।

**গ)** "সোনালী সেবার" রশিদ-এর উল্টো পৃষ্ঠায় জমাদানকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের/বিশেষ ক্ষেত্রে জমাদানকারীর নামসহ সীল স্বাক্ষর থাকতে হবে।

**ঘ)** নিবন্ধন ফরম ও অন-লাইনে তথ্য পূরণে এবং টাকা-পয়সার হিসাবে কোনরুপ ভুল-ভ্রান্তি/গরমিল থাকলে প্রতিষ্ঠান প্রধান এককভাবে দায়ী থাকবেন।

**ঙ)** ২০২৩ সালে অষ্টম শ্রেণিতে অধ্যয়ণরত শিক্ষার্থীদের বয়স প্রাথমিক সমাপনী পরীক্ষা (পিইসি) পাশের সনদ অনুযায়ী দিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর নুন্যতম বয়স ১লা জানুয়ারী/২০২৩-এ ১১+ (এগারো) বছরের উর্দ্ধে ও ৩১ শে ডিসেম্বর/২০২২-এ সর্বোচ্চ ১৭ (সতের) বছর (প্রাথমিক সমাপণী পরীক্ষা পাশের সনদে নাম/বয়স সংক্রান্ত কোনো ভুল থাকলে তা সংশোধন পূর্বক e-sif করতে হবে। অন্যথায়, অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীর নিবন্ধন সংক্রান্ত কোনো জটিলতা হলে প্রতিষ্ঠান প্রধান এককভাবে দায়ী থাকবেন, এর জন্য শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না)।

**চ) ছাত্র/ছাত্রীর নিজ/পিতা/মাতার নামের পূর্বে মৃত, হাজী, মিসেস, মিস, কুমারী, জনাব, মিস্টার, আলহাজ্ব, মৌলভী, অধ্যাপক, কর্নেল, ডাঃ, ড. শ্রী, শ্রীমতি, বাবু ইত্যাদি সংযোজন করা যাবে না।**

ছ) নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় (সে সকল প্রতিষ্ঠান ইতিপূর্বে নিজ নামে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি) ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে Login Password সংগ্রহ করবে **(জরুরী ভিত্তিতে বিদ্যালয় নিবন্ধন শাখায় যোগাযোগ (প্রয়োজনে-০১৭১০-৫৫৮২৯৩) করে তা সংগ্রহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)।**

জ) **শিক্ষা বোর্ডে জমাকৃত** সম্ভাব্য শিক্ষার্থীদের তালিকার বাইরে অন্য কোনো শিক্ষার্থীর অন-লাইন নিবন্ধন করা যাবে না। এ আদেশ অমান্য করা হলে প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে পাবলিক পরীক্ষার অধ্যাদেশ আইন ১৯৮০ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝ) কোন শিক্ষার্থীর অন-লাইন নিবন্ধন হওয়ার পর বিদ্যালয় কর্তৃপক্ষ অষ্টম শ্রেণিতে ছাড়পত্র দিতে পারবেন না। ছাড়পত্র দিতে হলে শিক্ষা বোর্ডের নির্ধারিত ছাড়পত্রের ফরম (এক কপি) পূরণ পূর্বক প্রামাণ্য কাগজপত্র ও **e-sif**-এর হার্ড কপিসহ শিক্ষা বোর্ডের অনুকূলে ১০০০/-(এক হাজার) টাকার **"সোনালী সেবা" সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর** বরাবর প্রদান করে শিক্ষা বোর্ডের অনুমতি নিয়ে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি নিতে পারবে।

ঞ) সম্ভাব্য শিক্ষার্থীর তালিকা অনুযায়ী **e-sif** পদ্ধতিতে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে হবে। নিম্নে প্রেরিত "ছক" অনুযায়ী নির্ভুল ভাবে তথ্য প্রেরণের বিষয়টি প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন।

**ট) "সোনালী সেবা" ক্রয়ের নিয়মাবলী ঃ-**

www.dinajpurboard.gov.bd অথবা www.dinajpureducationboard.gov.bd -তে ভিজিট করে sonali seba link ব্যবহার করে sonali seba option-এ গিয়ে type of payment-এ Jsc e-sif-2023 select করে student সংখ্যা দিয়ে payslip print করতে হবে। তারপর নিকটস্থ সোনালী ব্যাংকে টাকা জমা পূর্বক প্রাপ্ত রশিদ সংগ্রহ করবেন। **উল্লেখ্য, Jsc e-sif-2023 ব্যতিত অন্য কোন option ব্যবহার করে sonali seba ক্রয় করলে জেএসসি/২০২৩-এর নিবন্ধন করা যাবে না।** **বিশেষভাবে লক্ষ্যণীয়, কোন অবস্থায় ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার গ্রহণ যোগ্য হবে না।**

## "সম্ভাব্য শিক্ষার্থীর তালিকা ছক"

EIIN.......................... বিদ্যালয়ের কোড নং-(প্রযোজ্য ক্ষেত্রে)..........................................

বিদ্যালয়ের নাম ঃ..........................................উপজেলাঃ ............... জেলাঃ....................

নিজ প্রতিষ্ঠান হতে ৭ম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ঃ..............................................জন।

অন্য প্রতিষ্ঠান হতে আগত ৭ম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা (যদি থাকে) ............................জন।

(অন্য প্রতিষ্ঠান হতে আগত শিক্ষার্থীর ক্ষেত্রে ৭ম শ্রেণি উত্তীর্ণের প্রশংসা পত্র সংরক্ষণ করতে হবে)

ছাত্র সংখ্যা ঃ ...............জন, ছাত্রী সংখ্যা ঃ ................জন, মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ঃ.................জন।

**(সকল তথ্য ইংরেজিতে পূরণ করতে হবে)**

| ক্রঃ নং | শিক্ষার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম (জন্ম নিবন্ধন, পিইসি সনদ ও Nid কার্ড অনুযায়ী) | জন্ম তারিখ | শ্রেণি রোল ও শাখা | পঠিত বিষয়ের কোড | ধর্ম ও ৪র্থ বিষয়ের কোড | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

**ঠ) রেজিস্ট্রেশন ফি-এর হার নিম্নরূপ ঃ**

| ক্রঃ নং | বিষয় | ফি এর হার | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | রেজিস্ট্রেশন ফি | ৫০/- (পঞ্চাশ) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০২ | বিলম্ব রেজিঃ ফি | ৫০/- (পঞ্চাশ) টাকা (শিক্ষার্থী প্রতি) | প্রযোজ্য ক্ষেত্রে |
| ০৩ | বয়েজ স্কাউটস/ গার্লস গাইড ফি | ১৫/- (পনের) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০৪ | যুব রেড ক্রিসেন্ট ফি | ২৪/- (চব্বিশ) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০৫ | সাংস্কৃতিক ফি | ১০/- (দশ) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০৬ | বিলম্ব ফি ছাড়া মোট ফি | ৯৯/- (নিরানব্বই) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০৭ | বিলম্ব ফি সহ মোট ফি | ১৪৯/- (এক শত উন-পঞ্চাশ) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০৮ | বিদ্যালয় ক্রীড়া মঞ্জুরী ফি | ৩০০/- (তিন শত) টাকা | বিদ্যালয় প্রতি |

**বিঃ দ্রঃ** নির্ধারিত তারিখের পরে কোন শিক্ষার্থীর অন-লাইন নিবন্ধন করতে চাইলে শিক্ষা বোর্ডের অনুমতিক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে (ঠ) এর ০৭ নং কলাম অনুযায়ী শিক্ষার্থী প্রতি ১৪৯/- (এক শত উন-পঞ্চাশ) টাকা হারে "সচিব" বরাবর পূর্বের ন্যায় টাকা জমা দিয়ে "সোনালী সেবা" ক্রয়ের পরে শিক্ষার্থীদের অন-লাইন নিবন্ধন করা যাবে।

## জেলা ভিত্তিক অন-লাইন নিবন্ধন ও সোনালী সেবা ক্রয়ের সময়-সূচী ঃ

| ক্রঃ নং | উপজেলার নাম | "সোনালী সেবা" ক্রয়ের তারিখ | অন-লাইনে নিবন্ধন করার সময় সূচী | | বিদ্যালয় সমুহের "সোনালী সেবা" এর রশিদসহ e-sif (হার্ডকপি) এবং সম্ভাব্য শিক্ষার্থীদের তালিকা শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ । |
|---|---|---|---|---|---|
| | | | অন-লাইন চালু | অন-লাইন বন্ধ | |
| ০১ | রংপুর সদর, সাদুল্ল্যাপুর, নীলফামারী সদর, হরিপুর, দিনাজপুর সদর, রৌমারী ও রাজিবপুর উপজেলা | সকল জেলা **বিলম্ব ফি-ছাড়া** ১১/০৯/২০২৩ হতে ২৭/০৯/২০২৩ খ্রিঃ পর্যন্ত । | সকল জেলা ১৭/০৯/২৩ | সকল জেলা ৩১/১০/২৩ (রাত্রী ১২.০০টা পর্যন্ত।) | ০১/১১/২০২৩ খ্রিঃ |
| ০২ | বদরগঞ্জ, গাইবান্ধা সদর, সৈয়দপুর, ঠাকুরগাও সদর, হাকিমপুর, বিরামপুর, কুড়িগ্রাম সদর উপজেলা | | | | ০২/১১/২০২৩ খ্রিঃ |
| ০৩ | মিঠাপুকুর, পলাশবাড়ি, ডোমার, রাণীসনকৈল, ঘোড়াঘাট, ফুলবাড়ি (দিন), ও রাজারহাট উপজেলা | | | | ০৫/১১/২০২৩ খ্রিঃ |
| ০৪ | তারাগঞ্জ, সাঘাটা, ডিমলা, পীরগঞ্জ (ঠাক), বালিয়াডাঙ্গী, নবাবগঞ্জ ও ফুলবাড়ি(কুড়ি) উপজেলা | | | | ০৬/১১/২০২৩ খ্রিঃ |
| ০৫ | কাউনিয়া, সুন্দরগঞ্জ, কিশোরগঞ্জ, আদিতমারি, কালিগঞ্জ, বোচাগঞ্জ ও নাগেশ্বরী উপজেলা | সকল জেলা **বিলম্ব ফি-সহ** ০১/১০/২০২৩ হতে ১৭/১০/২০২৩ খ্রিঃ পর্যন্ত । | | | ০৭/১১/২০২৩ খ্রিঃ |
| ০৬ | পীরগঞ্জ(রং), ফুলছড়ি, জলঢাকা, বোদা, লালমনিরহাট সদর, চিরিরবন্দর, পার্বতীপুর ও ভুরুঙ্গামারি উপজেলা | | | | ০৮/১১/২০২৩ খ্রিঃ |
| ০৭ | গংগাচড়া, গোবিন্দগঞ্জ আটোয়ারী, পঞ্চগড় সদর, পাটগ্রাম, কাহারোল, খানসামা ও চিলমারি উপজেলা | | | | ০৯/১১/২০২৩ খ্রিঃ |
| ০৮ | পীরগাছা, দেবীগঞ্জ, তেঁতুলিয়া, হাতিবান্ধা, বিরল, বীরগঞ্জ ও উলিপুর উপজেলা। | | | | ১২/১১/২০২৩ খ্রিঃ |

**ছ) শিক্ষা মন্ত্রনালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০)=৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারন করা হয়েছে। উক্ত ৬০ টাকা হতে ৬০ শতাংশ অর্থাৎ ৩৬ (ছত্রিশ) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ২৪ (চব্বিশ) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।**

**জ)** শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপ-লোড করার লক্ষ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অন-লাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চুড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্য দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে যথাযথভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্টেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চুড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীর তথ্যে ভূল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটি সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।

**ঝ)** যে সকল স্কুল/স্কুল ও কলেজ-এর নিম্ন-মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি নবায়নের মেয়াদ নেই, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্বর একাডেমিক স্বীকৃতি নাবায়নের মেয়াদ বৃদ্ধির আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, **স্বীকৃতি নবায়ন হালনাগাদ না থাকলে e-sif–এর হার্ড কপিসহ অন্যান্য কাগজপত্র গ্রহন করা হবে না।**

**ঞ)** শিক্ষার্থীদের অন-লাইন রেজিস্ট্রেশন সম্পন্নের পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকায় প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে;

**অন-লাইন (e-sif) নিবন্ধন সংক্রান্ত সমস্যা নিরসনের জন্য প্রয়োজনে যোগাযোগ করুনঃ ০১৯৭০-৮২৫০৮২ অথবা ই-মেইল করুনঃ-dboardhelp@gmail.com**

**উপজেলা ও জেলা ভিত্তিক দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর তালিকা নিম্নরুপঃ**

| ক্রঃ নং | জেলা ও উপজেলার নাম | দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর নাম ও পদবী | মোবাইল নং |
|---|---|---|---|
| ০১ | রংপুর ও দিনাজপুর জেলার বিরল এবং ফুলবাড়ী উপজেলা। | মোঃ নুরুজ্জামান<br>সেকশন অফিসার | ০১৭১৮-৯৩৭১২১ |
| ০২ | গাইবান্ধা ও দিনাজপুর জেলার কাহারোল, বীরগঞ্জ এবং পার্বতীপুর উপজেলা। | মোঃ আব্দুল্লাহ আল-মামুন<br>উচ্চমান সহকারি | ০১৭১০-৫৫৮২৯৩ |
| ০৩ | কুড়িগ্রাম ও দিনাজপুর জেলার সদর, চিরিরবন্দর এবং ঘোড়াঘাট উপজেলা। | মোঃ মামুনুর রশিদ (সুইট)<br>নিম্নমান সহকারি | ০১৭১৬-৭২১৬৫৫ |
| ০৪ | লালমনিরহাট ও ঠাকুরগাও | মোঃ তরিকুল ইসলাম<br>নিম্নমান সহকারি | ০১৭২৬-৮৯৮৪৬৫ |
| ০৫ | নীলফামারী ও দিনাজপুর জেলার খানসামা এবং নবাবগঞ্জ উপজেলা। | মোঃ শহিদুল ইসলাম<br>নাম্বারিং মেশিন অপারেটর | ০১৭১২-২৫৬৪৬৬ |
| ০৬ | পঞ্চগড় ও দিনাজপুর জেলার বোচাগঞ্জ, বিরামপুর এবং হাকিমপুর উপজেলা। | মোঃ আবু জাহিদ মোহাম্মদ সায়েম<br>ক্যাশ সরকার | ০১৬৪৪-৫০৬৫০৪ |

ট) **<u>রেজিস্ট্রেশন শাখায় জমার প্রয়োজনীয় কাগজ-পত্র ঃ</u>**

**১. প্রতিষ্ঠান প্রধানের আবেদন ২."সোনালী সেবা" ক্রয়ের মূল রশিদ বোর্ডের অংশ ৩. হিসাব বিবরণী**

**৪. e-sif-এর হার্ড কপি (রঙ্গীন) ৫. সম্ভাব্য শিক্ষার্থীর তালিকা [ সকল কাগজপত্র ০২ (দুই) সেট ]**

প্রাপক
প্রধান শিক্ষক/অধ্যক্ষ
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদান/স্বীকৃতি প্রাপ্ত সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক/ নিম্ন-মাধ্যমিক/ মাধ্যমিক/উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
১০/০৯/২০২৩
(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
১০.০৯.২৩

স্মারক নং- মাউশিবোদি/বিনি/ জেএসসি/২০২৩/১৩৮(৪১০০) তারিখ ঃ ১০/০৯/২০২৩ খ্রিঃ।

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৪। উপ-পরিচালক (হিঃ ও নিঃ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৬। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৭। ওয়েব কপি ।
৮। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
১০.০৯.২৩
(মোঃ মাহামুদুর রহমান)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
১০.০৯.২৩

অত্র হিসাব বিবরণী নিজ দায়িত্বে প্রিন্ট করে নিন ।

# হিসাব বিবরণী

**(প্রধান শিক্ষক নিজেই পূরণ করবেন)**

**বিষয় ঃ <u>২০২৩ শিক্ষাবর্ষের ৮ম শ্রেণির অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত ফিসের হিসাব বিবরণী</u> ।**

EIIN.............................বিদ্যালয়ের কোড নং (প্রযোজ্য ক্ষেত্রে)........................................।

বিদ্যালয়ের নাম ঃ...............................................উপজেলাঃ ...................... জেলা ঃ...............।

সর্বশেষ স্বীকৃতির মেয়াদ ঃ.................................... হতে................................................পর্যন্ত।

সর্বশেষ ম্যানেজিং/এডহক কমিটির মেয়াদ ঃ...................... হতে......................................পর্যন্ত ।

প্রতিষ্ঠান প্রধানের সচল মোবাইল নং ...................................................................................।

সোনালী সেবার প্রাপ্ত রশিদের ক্রমিক নং................................, তারিখ ঃ.........................................,

সোনালী ব্যাংক লিঃ, শাখার নাম ঃ .......................উপজেলাঃ.........................জেলা ঃ.......................।

| শিক্ষার্থী সংখ্যা | | | নিবন্ধন ফি ( শিক্ষার্থী প্রতি ৫০/-) | বিলম্ব নিবন্ধন ফি (শিক্ষার্থী প্রতি ৫০/- (প্রযোজ্য ক্ষেত্রে) | বয়েজ স্কাউট/ গার্লস গাইড ফি (শিক্ষার্থী প্রতি ১৫/ ) | যুব রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি ২৪/-) | সাংস্কৃতিক ফি (শিক্ষার্থী প্রতি ১০/-) | বিলম্ব ফি ছাড়া মোট ফি (শিক্ষার্থী প্রতি ৯৯/-) | বিলম্ব ফি সহ মোট ফি (শিক্ষার্থী প্রতি ১৪৯/-) | ক্রীড়া মঞ্জুরী ফি (বিদ্যালয় প্রতি ৩০০/-) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ছাত্র | ছাত্রী | মোট | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

**সর্বমোট টাকা ঃ** অংকে ঃ ...............................................................................................টাকা মাত্র।

কথায় ঃ (.........................................................................................................................) টাকা মাত্র।

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর
নামসহ সীল ও শিক্ষা বোর্ড কর্তৃক
সরবরাহকৃত মোবাইল নম্বর

“ জরুরী সেবা পেতে শিক্ষা বোর্ড কর্তৃক সরবরাহকৃত মোবাইল নম্বর সচল রাখুন ”